



পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম

(পশ্চিমবঙ্গ সরকারের একটি সংবিধিবদ্ধ সংস্থা)

মেয়াদী ঋণের আবেদন করার পদ্ধতি

সংখ্যালঘু উন্নয়নের সাথে পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম নির্ধারিত আবেদন পত্রের মাধ্যমে মেয়াদী ঋণের জন্য দরখাস্ত আহ্বান করছে। কেবলমাত্র সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত (বৌদ্ধ, খ্রীষ্টান, জৈন, মুসলিম, পারসি ও শিখ) ভারত বর্ষের নাগরিক ও পশ্চিমবঙ্গে বসবাসকারী লোকেরা তাদের আর্থিক উন্নতির জন্য যে কোন চালু বাণিজ্যিক উদ্যোগের ক্ষেত্রে ঋণের জন্য আবেদন করতে পারেন।

আবেদনকারীর যোগ্যতা :

- ১) এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২) পারিবারিক বার্ষিক আয় গ্রামীণ এলাকার ক্ষেত্রে ৯৮,০০০ টাকা এবং শহর এলাকার ক্ষেত্রে ১,২০,০০০ টাকার মধ্যে হতে হবে।
- ৩) আবেদনকারী যে বছরের ঋণের জন্য আবেদন করছে সেই বছরের ১লা জানুয়ারী তার বয়স হতে হবে ১৮-৫০ বছর।
- ৪) ৪০,০০০ টাকার উর্ধ্বে ঋণ নিলে ১ জন জামিনদার প্রয়োজন হয়।
- ৫) ৪০,০০১ টাকা থেকে ৫০,০০০ টাকা পর্যন্ত ট্যাক্স প্রদানকারী অথবা বৃত্তিগত ভাবে শিক্ষিত তথা- ডাক্তার, ইঞ্জিনিয়ার প্রভৃতি এবং ৫০,০০০ টাকা উর্ধ্বে কোন সরকারী /আধা সরকারী কর্মচারী/শিক্ষক/পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগমের কোন একজন ভাল ঋণ পরিশোধকারী। উভয় ক্ষেত্রে বয়স সীমা ৬০ বছর।
- ৬) ব্যাবসা, প্রয়োজনীয় প্রশিক্ষণ ও অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবে।
- ৭) আবেদনকারী ইতিমধ্যে কোন ব্যাঙ্ক /আর্থিক সংস্থা থেকে লোন নিয়ে থাকলে বা লোন শোধ করতে ব্যর্থ হলে আবেদন গ্রাহ্য হবে না।
- ৮) বার্ষিক ৬%(ছয় শতাংশ) হারে সুদ সহ ৩(তিন) বা ৫(পাঁচ) বছরের মধ্যে ত্রৈমাসিক কিস্তিতে পরিশোধ করতে হবে।
- ৯) আবেদনকারীর নামে ব্যাঙ্ক অ্যাকাউন্ট থাকতে হবে।

আবেদনপত্রের সাথে ভোটার কার্ড, ব্যাঙ্ক পাশ বই-এর প্রথম পাতা ব্যবসায়িক প্রমাণপত্র (বিশেষ করে ট্রেড লাইসেন্স) এর ফটো কপি দিতে হবে।

আবেদন করার স্থান ও সময় :

বছরের যে কোন সময় আবেদন করা যায়। নিম্নলিখিত স্থানে আবেদনপত্র পাওয়া যাবে এবং জমা দেওয়া যেতে পারে।

- বি ডি ও অফিস : গ্রামাঞ্চলের জন্য
- এস ডি ও অফিস : কলকাতা বাদে অন্য পৌরঅঞ্চলের জন্য
- কলকাতা জেলা : কলকাতা সংখ্যালঘু ভবন, জেলা সংখ্যালঘু বিষয়ক অফিস, (পঞ্চম তল), ১১/৩ বীরেশ চ্যাটার্জী স্ট্রীট, কোলকাতা-৭০০০১৭

আবেদনপত্রের বয়ানের জন্য জেলা শাসকের দপ্তরে সংখ্যালঘু বিষয়ক অফিস, মহকুমা শাসক, বি.ডি.ও. অফিসে যোগাযোগ করতে হবে। এ ছাড়াও নিগমের ওয়েবসাইট www.wbmdfc.org থেকে আবেদনপত্র সংগ্রহ করতে পারা যাবে। আবেদনপত্রের বয়ানের ফটোকপি চলবে।

বিস্তারিত বিবরণের জন্য পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম (WBMDFC) -র অফিস অথবা জেলা শাসকের সংখ্যালঘু বিষয়ক অফিসে যোগাযোগ করতে পারেন।